

নং- ৪৬.১০.০০০০.০৪৪.৯৯.৬৭৯.২০২৫.৮৮৮৮

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩২
২১ সেপ্টেম্বর ২০২৫

অফিস আদেশ

এসডিজি সূচক ১১.৩.২, ১১.৬.১ ও ১২.৪.২এ এর বেজলাইন উপাত্ত প্রস্তুতসহ নিয়মিত ট্রাকারে উপাত্ত আপলোড করার জন্য স্থানীয় সরকার বিভাগ দায়িত্বপ্রাপ্ত। এসডিজি সূচক ১১.৩.২ এর মেটা ডাটার নির্দেশনার আলোকে নগর পরিকল্পনা ও ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে উপাত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে। সে প্রেক্ষিতে এসডিজি সূচক ১১.৩.২ এর মেটা ডাটার নির্দেশনা মোতাবেক স্থানীয় সরকার বিভাগ হতে প্রেরিত নগর পরিকল্পনা ও ব্যবস্থাপনা কমিটির রূপরেখা অনুসারে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনা ও ব্যবস্থাপনা কমিটি নিম্নরূপভাবে গঠন করা হলো:

নগর পরিকল্পনা ও ব্যবস্থাপনা কমিটি (Urban Planning and Management Committee-UPMC)

ক্রম	পদবী	কমিটির পদবী	সংখ্যা
১	মাননীয় মেয়র/প্রশাসক, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সভাপতি	০১
২	উপ-পরিচালক, স্থানীয় সরকার বিভাগ	সদস্য	০১
৩	ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতিনিধি (মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান)	সদস্য	০৪
৪	সুশীল সমাজ প্রতিনিধি	সদস্য	০১
৫	নারী প্রতিনিধি	সদস্য	০১
৬	ছাত্র/যুব প্রতিনিধি	সদস্য	০১
৭	প্রান্তিক আয়ের মানুষের প্রতিনিধি	সদস্য	০১
৮	পরিবেশ বিষয়ক প্রতিনিধি	সদস্য	০১
৯	নগর পরিকল্পনাবিদ (পেশাজীব সংগঠন কর্তৃক মনোনীত যার সংশ্লিষ্ট নগরীর বিষয়ে সম্যক ধারণা রয়েছে) মহাপরিকল্পনা প্রণয়ন, পরিবেশ, পরিবহন, দুর্ঘোণ ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তন, বর্জ্য ব্যবস্থাপনা, গণপরিসর বিষয়সমূহে পেশাগত অভিজ্ঞতা থাকতে হবে।	সদস্য	০৩
১০	প্রকৌশলী (পেশাজীব সংগঠন কর্তৃক মনোনীত যার সংশ্লিষ্ট নগরীর বিষয়ে সম্যক ধারণা রয়েছে)	সদস্য	০১
১১	স্থপতি (পেশাজীব সংগঠন কর্তৃক মনোনীত যার সংশ্লিষ্ট নগরীর বিষয়ে সম্যক ধারণা রয়েছে)	সদস্য	০১
১২	পরিষেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রতিনিধি (পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিকমিউনিকেশন)	সদস্য	০৪
১৩	প্রতিনিধি (ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এর আওতাধীন নগর উন্নয়ন কর্তৃপক্ষ)	সদস্য	০১
১৪	সাংস্কৃতিক ব্যক্তিত্ব	সদস্য	০১
১৫	গণমাধ্যম প্রতিনিধি	সদস্য	০১
১৬	ব্যবসায়ী প্রতিনিধি	সদস্য	০১
১৭	সংখ্যালঘু সম্প্রদায়ের প্রতিনিধি	সদস্য	০১
১৮	প্রতিবন্ধী প্রতিনিধি	সদস্য	০১
১৯	ক্রীড়া সংগঠনের প্রতিনিধি	সদস্য	০১
২০	সামাজিক সংগঠনের প্রতিনিধি	সদস্য	০১

২১	স্বৈচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধি	সদস্য	০১
২২	প্রধান প্রকৌশলী, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সদস্য	০১
২৩	প্রধান নগর পরিকল্পনাবিদ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সদস্য	০১
২৪	প্রধান সমাজ কল্যাণ কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সদস্য	০১
২৫	প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সদস্য	০১
২৬	সভাপতি, নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটি, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সদস্য	০১
২৭	প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	সদস্য সচিব	০১
মোট সদস্য সংখ্যা			৩৫ জন

নগর পরিকল্পনা ও ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি:

০১. নগরের অবকাঠামো উন্নয়ন, পরিবেশ, সংরক্ষণ, পয়ঃনিষ্কাশন, বর্জ্য ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তন, গণপরিবহন, পরিকল্পনা, ঐতিহ্য, সংরক্ষণ, শিশুবান্ধব নগর পরিকল্পনা ও নাগরিক সেবাসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা ও প্রয়োজনীয় সুপারিশ করবে।
 ০২. নগর বাজেট পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিষয় নিয়ে আলোচনা ও প্রয়োজনীয় সুপারিশ করবে।
 ০৩. নগরীর জন্য দীর্ঘ মেয়াদী, মধ্য মেয়াদী ও স্বল্পমেয়াদী মহাপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ বিষয় আলোচনা ও প্রয়োজনীয় সুপারিশ করবে।
 ০৪. নগরীর যেকোন ধরনের সমস্যা, প্রতিবন্ধকতা ও প্রস্তাবনা বিষয়ে আলোচনা ও প্রয়োজনীয় সুপারিশ করবে।
 ০৫. প্রতি ০৬ (ছয়) মাস অন্তর একটি সভা আহ্বান করবে।
 ০৬. নগরীর উন্নয়ন ও পরিকল্পনা কার্যক্রম এর প্রয়োজন মোতাবেক নতুন সদস্যকে কো-অপ্ট করতে পারবে।
 ০৭. ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নগর পরিকল্পনা বিভাগ; এ কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবে।
 ০৮. সভার কার্যবিবরণী ও উপস্থিতির তালিকা সভার পরবর্তী ১০ (দশ) কার্য দিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।
- ২.০ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মুহাম্মদ আসাদুজ্জামান
সচিব

ফোন-৮৮৩৪৯৩০

secretary@dncc.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. -----
২. সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান, -----ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৩. আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), -----ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৪. -----
৫. প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর স্টাফ অফিসার, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।
৭. সিস্টেম এনালিস্ট, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (আদেশটি ডিএনসিসি'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
৮. অফিস কপি।